এইড এন্ড কেয়ার ট্রাষ্ট ইউকে গরীব-দুঃখী মানুষের জন্য কাজ করে যাচ্ছে------- এম. তৈয়বুর রহমান

গত ২৫ ডিস্মেবর এইড এন্ড কেয়ার ট্রাষ্ট ইউকে- এর উদ্যোগে সিলেটের গোয়াইনঘাট উপজেলাস্থ তোয়াকুল বাজার উচ্চ বিদ্যালয় প্রাঙ্গনে এক ফ্রি মেডিকেল ক্যাম্পের আয়োজন করা হয়। মেডিকেল ক্যাম্পে জালালাবাদ রাগীব রাবেয়া মেডিকেল কলেজ ও হাসপাতালের ডাঃ এম. আমিরুল ইসলাম চৌধুরী, সিলেট উইমেন্স মেডিকেল কলেজ ও হাসপাতালের ডাঃ নাজমীন হক, ডাঃ আরিফ উদ্দিন আহমেদ, ডাঃ মনওয়ারুল ইসলাম ভূঁইয়া ও ডাঃ সুমা বেগম রোগী দেখে ব্যবস্থাপত্র দেন। এই ক্যাম্পে ৭৫০ জনের মতো রোগীকে ব্যবস্থাপত্র দেওয়া হয়।

সকালে কোম্পানীগঞ্জ উপজেলা পরিষদের চেয়ারম্যান এম. তৈয়বুর রহমান মেডিকেল ক্যাম্পটি উদ্বোধন করেন। উক্ত অনুষ্ঠানে উপস্থিত ছিলেন তোয়াকুল ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান লোকমান আহমদ, তোয়াকুল বাজার উচ্চ বিদ্যালয়ের পরিচালনা কমিটির সভাপতি মতচ্ছির আলী, প্রবীণ শিক্ষক ওসমান গণি, বিশিষ্ট সমাজসেবী এ. হাসিম চৌধুরী, সাংবাদিক অআব্দুল জব্বার, ফজলুল হক, জিবলু রহমান, সাংবাদিক আব্দুল মতিন, মোঃ নাজির উদ্দিন, ছাত্রনেতা এম. নিজাম উদিদ্ন, মোঃ ফয়জুল্লাহ, ছাত্রনেতা হারুনুর রশিদ, সমাজসেবী আব্দুল কাদির ও জাহিদ হোসেন প্রমুখ।

প্রধান অতিথি কোম্পানীগঞ্জ উপজেলা পষিদের চেয়ারম্যান এম. তৈয়বুর রহমানবলেন, এইড এন্ড কেয়ার ট্রাষ্ট ইউকে গরীব দুঃখী মানুষের জন্য যেসব উন্নয়নমুখী কাজ বাস্তবায়ন করছে তা মানব সেবায় আমাদের অনুপ্রাণিত করছে। আমরা দেখেছি বিগত বছরগুলোয় এইড এন্ড কেয়ার ট্রাষ্ট ইউকে মাওলানা আব্দুল মালিক ও পরিচালনা পরিষদের মাধ্যমে সিলেটের বিভিন্ন অঞ্চলে সমাজের গরীব-দুঃখী অসহায় মানুষদের মধ্যে ঢেউটিন, নগদ অর্থ, কোরবানীর মাংস, বাড়ীঘর নির্মাণে সহায়তা, শিক্ষা কেন্দ্র স্থাপন, এতিমদের লালন পালন, সেলাই মেশিন প্রদান, অসুস্থদের চিকিৎসা ব্যবস্থা, বিভিন্ন দুর্যোগে আর্থিক সহযোগিতাসহ মসজিদ, মাদ্রাসায় অর্থ প্রদানের মাধ্যমে জনহিতকর কাজে গুরুত্বপূর্ণ ভূমিকা রেখে যাচ্ছে। এইড এন্ড কেয়ার ট্রাষ্টের উপদেষ্টমন্ডলীর সদস্য সুফী সুহেল আহমদের মাধ্যমে আজকের এ মেডিকেল ক্যাম্প এর সফল আয়োজন ও বাস্তবায়নের জন্য সুফী সুহেল অহামদসহ সংশ্লিষ্ট সকলকে প্রধান অতিথি ধন্যবাদ জ্ঞাপন করেন।

ইষ্ট লন্ডন বিএনপির প্রতিবাদ সমাবেশ

গত ১১ জানুয়ারী রোজ বুধবার সন্ধ্যা ৭টায় ইষ্ট লন্ডন বিএনপির উদ্যোগে এক প্রতিবাদ সমাবেশ অনুষ্ঠিত হয়। ইষ্ট লন্ডন বিএনপির ভারপ্রাপ্ত সভাপতি মোঃ কমর আলীর সভাপতিত্বে এবং সাধারণ সম্পাদক আশরাফ গাজীর পরিচালনায় উক্ত সমাবেশে প্রধান অতিথি ছিলেন যুক্তরাজ্য বিএনপির সহ সভাপতি শাহ আখতার হোসেন। প্রধান বক্তা ছিলেন সহ সভাপতি মুজিবুর রহমান মুজিব। বিশেষ অতিথি ছিলেন যুক্তরাজ্য বিএনপির উপদেষ্টা ও স্বেচ্ছাসেবক দলের সভাপতি মোঃ আব্দুল মুকিত, বিএনপি নেতা আবেদ রাজা, জাসাস সেক্রেটারী ইকবাল হোসেন। বক্তব্য রাখেন সেলিম আহমদ, কামাল উদ্দিন, শেখ ইসতাব উদ্দিন আহমদ, সুলতান আহমদ, এমাদুর রহমান এমাদ, ইকবাল হোসেন, সেলিম সরদার, মাছুম উদ্দিন, ইসলাম উদ্দিন।

প্রধান অতিথির বক্তব্যে আখতার হোতসেন বলেন, তত্ত্বাবধায়ক সরকারের দাবী এখন বিএনপি'র একার নয় এই দাবী সমগ্র জাতির দাবী। ৩ বছরের শাসনে মহাজোট সরকার কেবল জনগণের সঙ্গে প্রতারণা করেছে। গণতন্ত্রকে কবর দিয়ে দেশকে অন্ধকার সুড়ংয়ের দিকে নিয়ে গেছে তারা।

অন্যান্য বক্তারা বলেন, তারেক রহমানের আকাশ চুম্বি জনপ্রিয়তায় ঈর্ষান্বিত হয়ে নব্য বাকশালী আওয়ামী সরকার একের পর এক মিথ্যা মামলা দিয়ে তাকে জনগণ থেকে বিচ্ছিন্ন করার ষড়যন্ত্রে লিপ্ত রয়েছে। সিলেটের ১ কোটি মানুষকে টিপাইমুখ বাধের বিরুদ্ধে আন্দোলনে শরীক হওয়ার আহ্বান জানান।

পাটলী ইউপি চেয়ারম্যান সিরাজুল হক যুক্তরাজ্য সফরে আসছেন ১ ফেব্রুয়ারি

সুনামগঞ্জ জেলার জগন্নাথপুর উপজেলার ২ নম্বর পাটলী ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান মোঃ সিরাজুল হক আগামী ১ ফেব্রুয়ারি এক সংক্ষিপ্ত সফরে যুক্তরাজ্য সফরে আসছেন।

উল্লেখ্য, মোঃ সিরাজুল হক গত ১৭ জানুয়ারিতে অনুষ্ঠিত বাংলাদেশ ইউনিয়ন পরিষদ ফোরাম এর কাউন্সিল অধিবেশনে সিনিয়র সহ-সভাপতি নির্বাচিত হয়েছেন। এ জন্য বৃহত্তর পাটলী সোসাইটির পক্ষ থেকে অভিনন্দন ও শূভেচ্ছা জ্ঞাপন করা হয়।

মোঃ সিরাজুল হকের সাথে যোগাযোগ করা যাবে ০৭৯০৪ ৯৭৪ ০০০/০৭৯৫৭ ৪৬৭ ২৫০ এই নাম্বারে।

সংবাদ বিজ্ঞপ্তি

হাউজ অব লর্ডসে ড. আব্দুল বারী রচিত এড্রেসিং অ্যাডলেসেন্স-গ্রন্থের প্রকাশনা

নবপ্রজন্মের অভিভাবকদের জন্য এটি একটি অনন্য গাইড বুক

বিশিষ্ট শিক্ষাবিদ ও কমিউনিটি ব্যাক্তিত্ব ড. মুহাম্মদ আব্দুল বারী রচিত এড্রেসিং অ্যাডলেসেন্স-গ্রন্থের প্রকাশনা অনুষ্ঠানে বিশিষ্টজন বলেছেন, এই গ্রন্থটি সন্তানদের প্রকৃত মানুষ হিসেবে গড়ে তোলতে নব প্রজন্মের অভিভাবকদের জন্য অনন্য গাইড বুক হিসেবে ভুমিকা রাখবে। তাঁরা বলেন, পরিকল্পিত প্যারেন্টিংয়ের অভাবে আমাদের সন্তানেরা বিপথগামী হচ্চেছ এবং যুব সমাজে নৈতিক অবক্ষয় বৃদ্ধি পাচ্চেছ। এ অবস্থা থেকে উত্তরনে অভিভাবকদের মধ্যে সচেতনতা সৃষ্টি করতে হবে।

গত ২৪ জানুয়ারী মঙ্গলবার সন্ধ্যায় বৃটেনের হাউজ অব লর্ডস-এর কমিটি রুমে অনুষ্ঠিত এই সাড়"র অনুষ্ঠানে অতিথি হিসেবে বক্তব্য রাখেন হাউজ অব লর্ডসের সদস্য লর্ড নাজির আহমদ, লর্ড কুরবান হোসেইন, লন্ডন সিটিজেন্স এর প্রধান নির্বাহী কর্মকর্তা নেইল জেমসন, মুসলিম কাউন্সিল অব বৃটেন (এমসিবি)-এর সেক্রেটারী জেনারেল ফারুক মুরাদ ও ইস্ট লন্ডন মসজিদ ও লন্ডন মুসলিম সেন্টারের নির্বাহী পরিচালক দেলওয়ার হোসেইন খান।

অনুষ্ঠানে সমপানী বক্তব্য রাখেন গ্রন্থের লেখক ড. মুহাম্মদ আব্দুল বারী। অনুষ্ঠান উপস্থাপনা করেন এলএমসির মিডিয়া অফিসার সালমান ফার্সি।

অতিথির বক্তব্যে নেইল জেমসন বলেন, বৃটিশ সোসাইটিতে সন্তানদের প্রকৃত মানুষ হিসেবে গড়ে তোলা একটি বড় সমস্যা হয়ে দাড়িয়েছে। সন্তানদের নিয়ে শুধু অভিভাবকরাই চিন্তিত নয়, সমাজ এবং রাস্ট্রও গভীরভাবে উদ্বিগ্ন। তিনি ড. আব্দুল বারীকে এই সময়োপযোগী পদক্ষেপের জন্য ধন্যবাদ জানিয়ে বলেন, আমি আশাবাদী সন্তান প্রতিপালনের ক্ষেত্রে এই গ্রন্থটি একটি লিখিত দলিল হিসেবে কাজ করবে।

লর্ড নাজির আহমদ বলেন, হাউজ অব লর্ডসে এই গ্রন্থের প্রকাশনা অনুষ্ঠানের আয়োজক হতে পেরে আমি নিজেকে গর্বিত মনে করছি। ড. আব্দুল বারীর এই গ্রন্থটি কোনো একাডেমীক গ্রন্থ নয়, এটি তাঁর বহুমুখী অভিজ্ঞতার একটি ফসল। তিনি তার শিশুকালের স্মৃতিচারণ করে বলেন, আমরা যখন ছোট ছিলাম তখন আমাদের অভিভাবকরা আমাদেরকে যেভাবে শাসন করেছেন আজকের যুগে এই ধরনের শাসন চলবেনা। সন্তানদেরকে প্রয়োজনে শাসন করতে হবে, আবার তাদেরকে বন্ধুর মতোও দেখতে হবে। তাদের সুবিধা-অসুবিধা বুঝতে হবে। আমি মনেকরি ড. আব্দুল বারীর এই গ্রন্থটি অভিভাবকদের জন্য একটি নির্দেশিকাগ্রন্থ হিসেবে কাজ করবে।

লর্ড কুরবান হোসাইন বলেন, সন্তানদের গড়ে তুলতে গ্রন্থটি অভিভাবকদের জন্য সহায়ক হবে বলে আমি মনে করি। তিনি গ্রন্থটির বহুল প্রচার কামনা করে ড. আব্দুল বারীকে কঠোর পরিশ্রমের জন্য আন্তরিক ধন্যবাদ জানান।

এমসিবির সেক্রেটারী জেনারেল ফারুক মুরাদ বলেন, ড. আব্দুল বারী রচিত এই গ্রন্থটি তাঁর পারিবারিক জীবনে গুরুত্বপুর্ণ ভুমিকা রাখবে। কারন তাঁর টিনেজ ছেলেমেয়ে রয়েছেন। তিনি সন্তানদের প্রকৃত মানুষ হিসেবে গড়ে তুলতে যে চ্যালেঞ্জ বা প্রতিবন্ধকতা রয়েছে সেসম্পর্কে সম্পুর্ন ওয়াকেফহাল বলে উল্লেখ করেন।

দেলওয়ার হোসেইন খান বলেন, ড. আব্দুল বারী এমন এক অসাধারণ ব্যাক্তি যিনি সকল শ্রেনীর মানুষের সাথে সমান সম্পর্ক বজায় রেখে চলতে পারেন। সমাজের উচ্চ পর্যায়ে যেমন তাঁর ভালো যোগাযোগ আছে তেমনী তৃণমুল পর্যায়েও। তিনি তার বিশাল অভিজ্ঞতার ভান্ডারকে কাজে লাগিয়ে আমাদের কমিউনিটিকে একটি গ্রন্থ উপহার দিলেন। যে গ্রন্থটি প্রতিটি পরিবারে অভিভাবকের জন্য পাঠ্য হওয়া উচিত বলে আমি মনে করি।

সমাপনী বক্তব্যে গ্রন্থকার ড. আব্দুল বারী সন্তান ও অভিভাবকদের বিভিন্ন সমস্যার কথা তুলে ধরেন। তিনি বলেন আমাদের সমাজে সন্তান-অভিভাবক দুরত্ব দিনদিন বৃদ্ধি পাচ্চেছ। সন্তান ও অভিভাবক একঘরে একই ছাদের নিচে বসবাস করেন ঠিকই, কিন্তু উভয়ের মধ্যে দেখা-সাক্ষাত হয় খুব কম। অভিভাবকরা সন্তানদের সুবিধা-অসুবিধা নিয়ে যেমন কোনো চিন্তা করেননা তেমনী সন্তানরাও অভিভাবকদের তেমন তোয়াক্কা করেননা। এটা একটি বিরাট সমস্যা। তিনি বলেন, অ্যাডলেসেন্স বা বয়সন্ধিক্ষণ (১৩-১৯ বছর বয়স) সন্তানদের জন্য একটি সংটককাল। এই সময়টাতে তারা কৈশরকাল ছেড়ে যৌবনে পদার্পন করে। তখন তাদের মধ্যে শারিরীক ও মানসিকভাবে ব্যাপক পরিবর্তন দেখা দেয়। এই সময়টাই তাদের বিপথগামী হওয়ার একটি বিপজ্জনক সময়। তাই অভিভাবকদের সন্তানদের প্রতি ঐ সময়ে সবচেয়ে বেশী যত্নশীল হওয়া উচিত।

অনুষ্ঠানের মধ্যভাগে ড. আব্দুল বারীর প্যারেন্টিং বিষয়ক নিজস্ব ওয়েবসাইট আমানা প্যারেন্টিংয়ের বিভিন্ন কার্যক্রম প্রজেক্টারের মাধ্যমে উপস্থাপন করেন সালমান ফার্সি ও আদিব বারী।

উল্লেখ্য, বিশিষ্ট শিক্ষাবিদ ও কমিউনিটি ব্যাক্তিত্ব ড. মুহাম্মদ আব্দুল বারী ইস্ট লন্ডন মস্ক ও লন্ডন মুসলিম সেন্টারের চেয়ার হিসেবে দায়িত্ব পালন করছেন। তিনি ২০০৬ সালের জুন থেকে ২০১০ সালের জুন পর্যন্ত মুসলিম কাউন্সিল অব বৃটেনের সেক্রেটারী জেনারেল হিসেবে দায়িত্ব পালন করেন। তিনি একসময় বাংলাদেশে বিমানবাহিনীর অফিসার ছিলেন।

তাছাড়া লন্ডনে বিভিন্ন সময়ে পদার্থ বিদ্যা বিষয়ে গবেষক, বিজ্ঞানের শিক্ষক ও বিহেভিয়ার সাপোর্ট টিচার হিসেবে দীর্ঘদিন দায়িত্ব পালন করেছেন। তিনি যুব সম্প্রদায় ও কমিউনিটির বিভিন্ন বিষয়ে নিয়মিত লেখালেখি করেন। মুসলিম ফ্যামেলি, প্যারেন্টিং ও আইডিয়েন্টিটি বিষয়ে তাঁর একাধিক গ্রন্থ রয়েছে। তিনি শিশু প্রতিপালন বিষয়ে একজন কনসালটেন্ট। লন্ডন কিংস কলেজ থেকে পিএইচডি ও পিজিসিই করেন। এর আগে অপেন ইউনিভার্সিটি থেকে ম্যানেজমেন্ট ডিগ্রী লাভ করেন। পারিবারিক জীবনে তিনি স্ত্রীসহ ও চার সন্তানের জনক। এড্রেসিং অ্যাডলেসেন্স (বয়:সন্ধিক্ষণে চ্যালেঞ্জ মোকাবেলা) গ্রন্থটিতে তিনি শিশুদের বয়ঃসন্ধিক্ষণের নানা সমস্যা চিন্তিত করে তা সমাধানের পথ বাতলিয়ে দিয়েছেন।

গ্রাম বাংলা রেষ্টুরেন্ট

gb grambangla গ্রাম বাংলা

স্বদেশী খাবারের প্রকৃত স্বাদ নিতে গ্রাম বাংলায় আসুন...
আমাদের ঐতিহ্যবাহী বিরিয়ানী, গোশত, কলিজি ভুনা, মগজ ভুনা, ভাত, মাছ, শাক-সব্জি, শুটকি, হিদল-চাটনী, মাছ ভুনা, ছোট মাছ, সাতকড়ার তরকারীসহ দেশের খাবারের স্বাদ নিন।

গ্রাম বাংলায় বাংলার স্বাদ নিন...

বিয়ে, গায়ে-হলুদ, জন্মদিন, সেমিনার, প্রেস-কনফারেন্স সহ যে কোন পার্টিতে আমরা উন্নতমানের খাবার খুব কম সময়ে সরবরাহ করে থাকি।

যে কোন ধরনের মিটিং অথবা প্রেস কনফারেন্সের জন্য রেষ্টুরেন্টের উপরে রয়েছে ৪০ আসন বিশিষ্ট মিটিং রুম।

এছাড়াও প্রতিদিন সন্ধ্যায় থাকছে চানা, পিঁয়াজু, মোগলাই ইত্যাদি।



68 Brick Lane, London E1 6RL
Tel: 020 7377 6116